



বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি (শিক্ষক)/৪২৭/১০৮৫২

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদ ও বিভাগ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী অধ্যাপক: গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল-২০১৫ ০২টি স্থায়ী পদ লোক প্রশাসন বিভাগ (০২টি)	সহকারী অধ্যাপক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ (জিপিএ পদ্ধতি প্রবর্তনের পূর্বের ক্ষেত্রে)/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোন ০১টিতে প্রথম বিভাগ থাকতে হবে। তবে সিজিপিএর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় পর্যায়ে/স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ০৩(তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও স্বীকৃতমানের জার্নাল/বই-এ কমপক্ষে ০১(এক)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। পিএইচডি ডিগ্রি থাকলে অন্যান্য শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।
২.	প্রভাষক: গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল-২০১৫ ৪টি স্থায়ী পদ লোক প্রশাসন বিভাগ (০১টি), রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (০১টি), গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ (০১টি) ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ (০১টি)	প্রভাষক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে প্রথম বিভাগ (জিপিএ পদ্ধতি প্রবর্তনের পূর্বের ক্ষেত্রে)/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোন ০১(এক)টিতে প্রথম বিভাগ থাকতে হবে। সিজিপিএর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/এইচএসসি/স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর যে কোন একটিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।

শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম www.bu.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল থেকে প্রতি ফরম ৫০/- (পঞ্চাশ) টাকা নগদ প্রদান পূর্বক সংগ্রহ করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০৮(আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২০০ বরাবর জমা দিতে হবে। আবেদন পৌছানোর সময়সীমা ০৪/১০/২০২০ তারিখ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্রের ছায়ািলিপি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্র- এর ছায়ািলিপি (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙ্গিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙ্গিন ছবি (৩) জন্ম সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের ছায়ািলিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	আবেদনপত্রের সঙ্গে “রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়” সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রপ্তায়ত্ত্ব ব্যাংকের যে কোন শাখা থেকে গ্রেড-৬ এর জন্য ১৫০০/- টাকা ও গ্রেড-৯ এর জন্য ১২০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদ ও বিভাগের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
(জ)	নির্বাচিত প্রার্থীদেরকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার থেকে ফিটনেস সার্টিফিকেট সংগ্রহপূর্বক যোগদান করতে হবে।


২০/৯/২০২০

(প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)